সংবাদ

তারিখ 23 MAR 2007 পৃষ্ঠা ১০ কলাম ৩

# বিদেশে উচ্চশিক্ষার তথ্য দিতে আন্তর্জাতিক শিক্ষামেলা আজ শুরু

নিজস্ব বার্তা পরিবেশক

নগরীর হোটেল শেরাটনের বলরুমে আজ শুক্রবার থেকে শুরু হচ্ছে ৫ম আন্তর্জাতিক শিক্ষা মেলা। দু'দিনব্যাপী এ মেলা বহুমাত্রিক ব্যবসায়ী প্রতিষ্ঠান এসএস বিজনেস করপোরেশন লি. (এসএসবিসিএল) আয়োজন করেছে।

এসএসবিসিএল জন্মলগ্ন থেকে বিদেশে উচ্চ ডিগ্রি নিতে ইচ্ছুক বাংলাদেশের ছাত্রছাত্রীদের তাদের যোগ্যতা, পছন্দ ও সামর্থ্য অনুযায়ী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পড়াশোনার জন্য ব্যাপক সহায়তা দিয়ে আসছে। আন্তর্জাতিক শিক্ষা মেলার মধ্য দিয়ে বাংলাদেশী শিক্ষার্থীরা দেশে বসেই বিদেশী বিশ্ববিদ্যালয়গুলোর প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় ও পরিচিতি লাভ করতে পারবে এই মেলা থেকে। এছাড়া অতি দ্রুত ও সহজে সংযোগ স্থাপন, প্রয়োজনীয় তথ্য জেনে নেয়ার সুযোগ ঘটে। শিক্ষামেলার সময় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের দায়িত্বশীল প্রতিনিধি ও সংশ্লিষ্ট দেশের দূতাবাস কর্মকর্তারা উপস্থিত থাকায় স্পট এডমিশনের সুযোগ ও ভিসার আবেদনের নিয়মাবলী জানা যাবে।

শিক্ষা মেলা উপলক্ষে গতকাল সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে এসএসবিসিএল আয়োজিত এক সংবাদ সম্মেলনের আয়োজন করে। সংবাদ সম্মেলনে শুভেচ্ছা বক্তব্য রাখেন এসএসবিসিএলের ব্যবস্থাপনা পরিচালক এস তালুকদার। এছাড়া অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রেক্টর গ্রাজুয়েট স্কুল অফ বিজনেসের প্রফেসর ড. এস দুমায়েস্কে, আলেকজেন্ডা মোদারিসকা, ড. উৎপল কুমার সরকার, ইস্টার্ন ব্যাংকের কর্মকর্তা মহব্বত জান চৌধুরী, মো. মুছা, বরুণ ভৌমিক নয়ন প্রমুখ।

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, এসএস বিজনেস করপোরেশন একটি বহুমাত্রিক ব্যবসায় প্রতিষ্ঠান। ১৯৯৬ সাল থেকে এর কার্যক্রম শুরু। এসএসবিসিএল ২০০৩ সাল থেকে প্রতি বছর আন্তর্জাতিক শিক্ষামেলার আয়োজন করে আসছে। এ বারের শিক্ষামেলায় ইউরোপ ও এশিয়ার ১৮টি দেশের প্রতিনিধি ও ২২টি শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে। এসএসবিসিএলের নিজস্ব প্যাভিলিয়নসহ স্টল থাকছে মোট ২৯টি। মেলায় অংশগ্রহণকারী স্টলের মধ্যে রয়েছে অস্ট্রেলিয়া, কানাডা, রাশিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, নিউজিল্যান্ড, জার্মানি, আয়ারল্যান্ড, স্পেন, পোল্যান্ড, হল্যান্ড, হাঙ্গেরি ও মালয়েশিয়া।

এই মেলায় ঢাকায় আমেরিকান সেন্টার, রাশিয়ান কালচারাল সেন্টার, আলিয়ঁস ফ্রঁসেস, ডেমক্রেসিওয়াচ ও মালয়েশিয়ান দূতাবাস তাদের কার্যক্রম নিয়ে উপস্থিত থাকছে।

মেলা আগামীকাল ২৪ মার্চ পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত থাকবে। প্রবেশ মূল্য ১০ টাকা রাখা হয়েছে। আন্তর্জাতিক শিক্ষামেলার পার্টনার হিসেবে রয়েছে এসএনএন মিডিয়া, সহযোগী পার্টনার ইস্টার্ন ব্যাংক এবং মিডিয়া পার্টনার হিসেবে রয়েছে ডেইলি স্টার, জনকণ্ঠ, এটিএন বাংলা এবং রেডিও টুডে।




*হোটেল শেরাটনে আজ থেকে শুরু হওয়া ৫ম আন্তর্জাতিক শিক্ষা মেলা উপলক্ষে গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলন করে এসএসবিসিএল—সংবাদ*